

মুখবন্ধ

উপলব্ধির পথে-পথ চলতে হঠাৎ মনে হলো হাওয়া আমায় ডাকছে, সময়ের স্রোত পেরিয়ে যেতে সময় আমাকে মনে করিয়ে দিচ্ছে যে, দিনটা দিনে দিনে কেমন ছোট হয়ে যাচ্ছে, আর রাতটা বড় বড়ো হয়ে যাচ্ছে। সময়ের-সময় হাওয়ায়, জীবনের পৃষ্ঠাগুলো একটু মনটাকে নিয়ে যাচ্ছে স্মৃতির অতল গহুরের 'ডাউন মেমোরি লেন ধরে' অনুভূতির অনুভব সমাহারে। অনুভূতি আমাকে এ লেখনী ধরে আবার নিজস্ব অনুভূতির মন মোহনায় নিয়ে যেতে চাইছে। ভালোবাসা যে ঈশ্বরের কি অপূর্ব সৃষ্টি যে অন্যায়ে না করেও সর্বদা অপরাধী সেজে বসে থাকতে হয়। সত্যি তো 'সত্য' কেমন নির্লিপ্ত। ঝড়ের উত্তাল ঢেউয়ের মতোই আমার অনুভূতি যা অতি সযত্নে সঞ্চিত করে রাখা হৃদভাণ্ডার থেকে নিজের ব্যক্তিগত অভিমতের ভিত্তিতেই এই কথামালা, যা কাউকে কোনভাবে আঘাত করার উদ্দেশ্যে নয়। বাস্তব সত্যকে বাস্তবিকতার আলোকে প্রস্ফুটিত করতে গিয়েই অনুভূতির অভিষেক।

মাত্র ৪/৫ দিন সময়ের মধ্যে অতি তাড়াতাড়ি করার ফলে ভাষাটা হয়ে গেছে একেবারে কাঁচা। মনের উদ্ভাসিত সত্যালোক থেকে আমার তিজ্ঞ ও করুণ অভিজ্ঞতার কিছু অব্যক্ত ভাষা ব্যক্ত করলাম।

সুধাংশুশেখর দে, দে'জ পাবলিশিং-এর কর্ণধারকে ধন্যবাদ এই কলাম অনুভূতি প্রকাশনে সাহায্য করবার জন্য।

আর বালুকে আমার শুভেচ্ছা।

২০০৮ স্ট্রীট